জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/ ২৬১ তারিখঃ ০৮/০৯/২০২২

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৪/০৯/২০২২ তারিখ রোজঃ বুধবার সময় বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। বাল্য বিবাহ রোধে মহল্লাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।
৩। নারী শিক্ষার অগ্রগতির জন্য বিভিন্ন কর্মকান্ড গ্রহণ করা প্রসঙ্গে।
৪। বিবিধ।

( পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.......................................................

.......................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
## নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন
সভার তারিখ ঃ ১৪/০৯/২০২২
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা
রোজ ঃ বুধবার।

*উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ*

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃ পৌঃ সঃ | সভাপতি | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

৩নং আলোচ্য সূচী ঃ বাল্য বিবাহ রোধে মহল্লাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভাপতি মহোদয় বলেন, বিভিন্ন মানবাধিকার ও নারী সংগঠনের আন্তরিক প্রচেষ্টার ফলে পূর্বের তুলনায় বাল্য বিবাহের হার অনেকাংশে কমে এসছে। তবুও দরিদ্র ও অশিক্ষিত জনগোষ্ঠীর মধ্যে বাল্য বিবাহের হার এখনও বিদ্যমান। সাচিবিক দায়িত্বে নিয়োজিত মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা এ প্রসঙ্গে বলেন, বাল্য বিবাহের ফলে অপরিনত বয়সে মেয়েরা সন্তানের জন্ম দেয়। ফলে সেই সন্তানও অপুষ্ট থাকে। এই পুষ্টিহীনতার জন্য সন্তান যে কোন ধরনের অসুখে আক্রান্ত হতে পারে বা মৃত্যু বরণ করতে পারে। অনুরূপ ভাবে স্বাস্থ্যগত দিক দিয়ে এইসব সন্তানের মায়েরাও নিরাপদ নয়, তারাও সবসময় স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকে। এই অবস্থা থেকে উত্তোরণের জন্য কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৩, জয়পুরহাট পৌরসভা বলেন, বাল্য বিবাহ রোধ করা আমাদের সকলের দায়িত্ব। উঠান বৈঠক সহ বিভিন্ন কমিটির মিটিং এ এর কুফল সম্পর্কে আলোচনা করা প্রয়োজন। এছাড়া এলাকার কাজীগণ যেন পাত্র ও কনের সঠিক জন্ম সনদ পত্র ছাড়া কোনক্রমেই যেন বিবাহ রেজিষ্ট্রি করতে না পারে সেদিকে আমাদের সকলকে সচেতন থাকতে হবে। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) অত্র পৌরসভার সকল মহল্লার কাজীগণ বিধিসম্মত ভাবে বর ও কনের জন্ম সনদ পত্র যাচাই অন্তে বিবাহ রেজিষ্ট্রি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সম্মানিত কাউন্সিলরগণ সকল কমিটির মিটিং ও যে কোন আলোচনা সভায় বাল্য বিবাহের কুফল সম্পর্কে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) পৌরসভার সকল মাঠকর্মীগণ বাড়ীবাড়ী কাজ করার সময় বাল্য বিবাহের অপকারীতা সম্পর্কে মহল্লাবাসীকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) বাল্য বিবাহ শূণ্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে সকল মানবাধিকার ও নারী উন্নয়ন বিষয়ক সংগঠনের সহিত যোগাযোগ জোরদার করা প্রয়োজনে বাল্য বিবাহ বন্ধ করার জন্য ১০৯ টোল ফ্রি নম্বরে ফোন করার জন্য জনগনকে সচেতন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩নং আলোচ্য সূচী ঃ নারী শিক্ষার অগ্রগতির জন্য বিভিন্ন কর্মকান্ড গ্রহণ করা প্রসঙ্গে।

আলোচনা ঃ উপরোক্ত বিষয়ের আলোকে সভার সম্মানিত সভাপতি মহোদয় বলেন, যতই দিন যাচ্ছে ততই নারীদের শিক্ষার অগ্রগতি সাধিত হচ্ছে। শুধুমাত্র দরিদ্র ও অবহেলিত জনগোষ্ঠীর নারীরা শিক্ষায় পিছিয়ে রয়েছে। শিক্ষা ছাড়া নারীদের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। এ প্রসঙ্গে কমিটির সম্মানিত সদস্য মোছাঃ মুন্নজান, কাউন্সিলর, (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা বলেন, আমাদের সমাজে বিশেষ করে দরিদ্র পরিবার সমূহের মেয়েদেরকে তাদের অবিভাবকগণ প্রাথমিক শিক্ষা শেষ করার পর আর পড়াশুনা করায় না। অনেকে মেয়েদেরকে অল্প বয়সে বিবাহ দিয়ে থাকে। ব্যাপক গনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে এ অবস্থার পরিবর্তন করা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ।

সিদ্ধান্ত ঃ

(ক) নারীদের উন্নয়নে কাজ করে এমন সংগঠন সমূহের সহিত যোগাযোগ সাপেক্ষে তাদের পরামর্শ ও সহযোগিতায় নারী শিক্ষার অগ্রগতির কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) পৌরসভার মাঠ কর্মীগণ দরিদ্র জনগোষ্ঠীর পরিবার সমূহের মেয়েদেরকে শিক্ষার আওতায় আনার জন্য উদ্বুদ্ধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

স্মারকনং-জঃপৌঃসঃ/স্বাস্থ্য/২০২১-২০২২/ ২৫১ তারিখঃ ১৪/০৭/2022

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা ।

২। জনাব/জনাবা...........................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা ।

৩। অফিস নথি

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

**নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৪/০৯/২০২২ ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১),<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারন),<br>ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সভাপতি | |